গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, আলমপুর, সিলেট।
web:bkkb.sylhetdiv.gov.bd

নম্বর-০৫.৮১.৯১০০.০০১.০১.০১৯.২২-২২ তারিখ: ০১ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান সর্ম্পকে সচেতনতা বৃদ্ধিকরণ।**

সূত্র: বোর্ডের প্রধান কার্যালয়ের স্মারক নং-০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-০২, তারিখ: ০১/০১/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ও পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীগণকে জটিল ও ব্যয়বহুল রোগের নিজের চিকিৎসার জন্য চাকরি জীবনে এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০/-(দুই লাখ) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার জন্য বোর্ডের নির্ধারিত ফরমে (ফরম নং-০৮) আবেদন করতে হয়। আবেদন ফরম বোর্ডের ওয়েবসাইটে (www.bkkb.gov.bd) সন্নিবেশিত রয়েছে। আবেদন করার নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে।

জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের আবেদন সিলেট বিভাগ হতে মোট কর্মরত সরকারি কর্মকর্তা/ কর্মচারী সংখ্যা তুলনায় আবেদনের পরিমাণ খুবই কম। ফলে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করাঁ প্রয়োজন। সচেতনতার অভাবে এ বিভাগের কর্মকর্তা/ কর্মচারীগণ জটিল ও ব্যয়বহুল রোগের আর্থিক অনুদান থেকে বঞ্চিত হচ্ছে।

জটিল ও ব্যয়বহুল রোগসমূহ: ক্যান্সার, হৃদরোগ, কিডনি-ব্যাধি, হেপাটাইটিস, ডায়াবেটিস-মেলিটাস, পক্ষাঘাত, বক্ষব্যাধি, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন সংক্রান্ত রোগ ও দুর্ঘটনায় মারাত্নকভাবে আহত হওয়া এবং এ সংক্রান্ত মেডিকেল বোর্ড কর্তৃক জটিল ও ব্যয়বহুল রোগ বলে চিহ্নিত যে কোন রোগও এর অর্ন্তভূক্ত হবে। **এ অনুদান কেবলমাত্র বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় থেকে প্রদান করা হয়।**

**সেপ্রেক্ষিতে সিলেট বিভাগের আপনার ও আপনার অধীনস্ত দপ্তরের কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণকে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানসহ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদেয় বিভিন্ন সেবা অনুদানের তথ্য প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।**

সংযুক্তি: ১ (এক) পাতা।

১৫/০১/২০২৪

(মোঃ আজমল হোসেন)
পরিচালক
ফোন: ০২৯৯৬৬৪৩৪৪৭
E-mail: directorsyl@bkkb.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. বিভাগীয় কমিশনার, সিলেট।
২. উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৪. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব/ সার্বিক), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৫. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৬. পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।
৭. জেলা প্রশাসক, সিলেট/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ মৌলভীবাজার।
৮. পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
৯. যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট।

১০. পুলিশ সুপার, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
১১. ডিআইজি, প্রিজন্স, সিলেট বিভাগ, সিলেট।
১২. সিভিল সার্জন, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
১৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট।
১৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট।
১৫. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
১৬. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, সিলেট।
১৭. পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
১৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট বিভাগ, সিলেট।
২০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
২১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়, সিলেট।
২২. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট।
২৩. পরিচালক, বিভাগীয় প্রাণীসম্পদ অফিস, সিলেট।
২৪. উপ-মহাপরিচালক, আনসার ও ভিডিপি, সিলেট রেঞ্জ, সিলেট।
২৫. কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিলেট।
২৬. কর কমিশনার, সিলেট অঞ্চল, সিলেট।
২৭. জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট।
২৮. পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
২৯. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বিভাগ, সিলেট।
৩০. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট অঞ্চল, সিলেট।
৩১. অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সিলেট।
৩২. উপপরিচালক, ভোক্তা অধিকার, সিলেট বিভাগ, সিলেট।
৩৩. উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩৪. বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট।
৩৫. যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট।
৩৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
৩৭. উপপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ মৌলভীবাজার।
৩৯. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট।
৪০. জেলা শিক্ষা অফিসার, সিলেট/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ মৌলভীবাজার।
৪১. উপ-পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট।
৪২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ/ মৌলভীবাজার।
৪৩. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৪৪. সিনিয়র জেল সুপার, সিলেট কেন্দ্রীয় কারাগার, সিলেট।
৪৫. জেল সুপার, জেলা কারাগার, হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৪৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৪৭. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৪৮. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৪৯. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫০. জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫২. জেলা মৎস্য অফিসার, জেলা মৎস্য অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫৩. সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫৪. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।

৫৫. জেলা ক্রীড়া কর্মকর্তা, জেলা ক্রীড়া অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫৬. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫৭. নির্বাহী প্রকৌশলী, জেলা গণপূর্ত অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫৮. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৫৯. নির্বাহী প্রকৌশলী (সওজ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬০. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬১. নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬২. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬৩. সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট।
৬৪. উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬৫. জেলা ত্রান ও পূনর্বাসন কর্মকর্তা, ত্রান ও পূনর্বাসন অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬৬. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬৭. জেলা হিসাবরক্ষণ অফিসার, জেলা হিসাবরক্ষণ অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬৮. উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৬৯. উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭০. জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭১. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭২. উপ-পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট।
৭৩. উপ-তত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক),সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭৪. উপ-তত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালিকা),সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭৫. উপ-পরিচালক, জেলা আঞ্চলিক পাসর্পোট অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭৬. উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭৭. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট।
৭৮. জেলা রেজিস্ট্রার, জেলা রেজিস্ট্রারের কার্যালয়, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৭৯. উপ-পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, জেলা নির্বাচন অফিস,সিলেট।
৮১. জেলা নির্বাচন অফিসার, জেলা নির্বাচন অফিস, হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮২. সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮৩. উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, জেলা অফিস, সিলেট/ মৌলভীবাজার।
৮৪. সহকারী বন সংরক্ষক, জেলা বন অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮৫. সহকারী পরিচালক, জেলা পরিবেশ অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮৬. সহকারী পরিচালক, জেলা ঔষধ তত্ত্বাবধায়ক অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮৭. লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮৮. উপ-কমিশনার, জেলা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৮৯. সহকারী কর-কমিশনার, জেলা কর অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৯০. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৯১. সহকারী পরিচালক (ইঞ্জি:), জেলা বিআরটিএ অফিস, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৯২. সহকারী পোস্টমাস্টার জেনারেল, জেলা ডাক বিভাগ, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার।
৯৩. পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৯৪. পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৯৫. পরিচালক, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (ইনমাস), সিলেট।
৯৬. সহকারী পরিচালক, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার।
৯৭. উধর্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), বুড়িস্থল, সুনামগঞ্জ।
৯৮. অধ্যক্ষ, সিলেট ক্যাডেট কলেজ, সিলেট।
৯৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সিলেট।

১০০. উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়.............................................................

১০১. উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়.............................................................

১০২. . ...........................................................................................................................................

নম্বর-০৫.৮১.৯১০০.০০১.০১.০১৯.২২-২২/১(২)

তারিখ: ০১ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।

১. মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. অফিস কপি।

১৫/০১/২০২৪

(মোঃ আজমল হোসেন)
পরিচালক
ফোন: ০২৯৯৬৬৪৩৪৪৭
E-mail: directorsyl@bkkb.gov.bd

C:\Users\user\Desktop\প্রচার প্রচারণা.docx

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিভাগীয় কার্যালয়, আলমপুর, সিলেট**

**বিভাগীয় সদর দপ্তর, ভবন নং-০২ (৩য় তলা)**

www.bkkb.sylhetdiv.gov.bd

**ভিশন (Vision):** প্রজাতন্ত্রের কর্মচারীদের সেবাপ্রদানের লক্ষ্যে বোর্ডকে একটি দক্ষ, যুগোপযোগী ও তথ্য-প্রযুক্তিসমৃদ্ধ কল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**মিশন(Mission):** বিভিন্ন সেবা প্রদানের মাধ্যমে প্রজাতন্ত্রের অসামরিক কাজে নিয়োজিত বোর্ডের অধিক্ষেত্রে সকল কর্মচারী এবং তাঁদের পরিবারবর্গের কল্যাণ সাধনে প্রয়োজনীয় সহায়তা প্রদান।

## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে প্রজাতন্ত্রের কর্মচারী এবং তাঁদের পরিবারের সদস্যদের প্রদত্ত সেবাসমূহ

| ক্র: নং | বিষয় | সেবাসমূহের বিবরণ |
|---|---|---|
| ১ | সাধারণ চিকিৎসা অনুদান | ➢ সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মচারী ও তাদের পরিবারের সদস্য এবং মৃত কর্মচারীর পরিবারের সদস্যদের সাধারণ চিকিৎসা অনুদান প্রদান করা হয় (ফরম নং-০১)।<br>➢ এ অনুদান প্রতি বছর (বর্ষপঞ্জি অনুযায়ী জানুয়ারি-ডিসেম্বর) একবার সর্বোচ্চ টাকা=৪০,০০০/- (চল্লিশ হাজার) পর্যন্ত প্রদান করা হয়। কর্মচারী নিজের জন্য আজীবন এবং পরিবারের সদস্যদের জন্য কর্মচারীর বয়স ৭৫ (পঁচাত্তর) বছর পর্যন্ত এ অনুদান প্রদান করা হয়। আবেদন ফরমে বর্ণিত নিয়মাবলী অনুযায়ী আবেদনপত্র দাখিল করতে হয়।<br>➢ আবেদন প্রাপ্তির পর সফটওয়্যারে এন্ট্রি করে আবেদনকারীর মোবাইল ফোনে ক্ষুদেবার্তার মাধ্যমে আবেদনের ডিজিটাল ডায়রি নম্বর ও তারিখ জানানো হয়। আবেদনে কোন ত্রুটি থাকলে তা এসএমএস ও পত্রের মাধ্যমে জানিয়ে দেয়া হয়।<br>➢ প্রতিমাসের প্রাপ্ত আবেদনসমূহ পরবর্তী মাসের ২য় সপ্তাহের মধ্যে উপকমিটির সভার মাধ্যমে নিষ্পত্তি করা হয়। অনুমোদিত টাকা পরবর্তী ৩ কার্যদিবসের মধ্যে ইএফটির মাধ্যমে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয় এবং তাঁর মোবাইল ফোনে ক্ষুদেবার্তার মাধ্যমে মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ জানিয়ে দেয়া হয়। |
| ২ | মাসিক কল্যাণ অনুদান | ➢ অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মচারীর ক্ষেত্রে নিজেকে এবং কর্মরত/অবসর অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর ক্ষেত্রে তার পরিবারকে কর্মচারীর বয়স ৬৯ (উনসত্তর) বছর বা অনুর্ধ্ব ১৫ (পনেরো) বছর পর্যন্ত যা আগে আসে ভিত্তিতে প্রতি মাসে সর্বোচ্চ টাকা=২,০০০/- (দুই হাজার) হারে কল্যাণ ভাতা কেন্দ্রীয়ভাবে EFT এর মাধ্যমে প্রদান করা হয়।<br>➢ অনলাইনের মাধ্যমে আবেদন করতে হয় এবং আবেদনের সফটকপি ও হার্ডকপি প্রাপ্তির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে দাবী নিষ্পত্তি করা হয়। |
| ৩ | যৌথবীমার এককালীন অনুদান | ➢ চাকুরিরত/পিআরএল ভোগরত অবস্থায় কোন কর্মচারী মৃত্যুবরণ করলে মরহুমের পরিবার/ উত্তরাধিকারীগণকে বিধি মোতাবেক যৌথবীমার অনুদান বাবদ এককালীন টাকা=২,০০,০০০/- (দুই লক্ষ) মাত্র প্রদান করা হয়।<br>➢ অনলাইনের মাধ্যমে আবেদন করতে হয় এবং আবেদনের সফটকপি ও হার্ডকপি প্রাপ্তির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে দাবী নিষ্পত্তি করা হয় । অনুমোদিত টাকা ইএফটির মাধ্যমে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। |
| ৪ | দাফন/অন্ত্যেষ্টি ক্রিয়ার অনুদান (কর্মরত) | ➢ চাকুরিরত/পিআরএল ভোগরত অবস্থায় (ডাক, তার ও দুরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) কোন কর্মচারী মৃত্যুবরণ করলে মরহুমের ওয়ারিশগণকে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বাবদ টাকা=৩০,০০০/- (ত্রিশ হাজার) মাত্র প্রদান করা হয়।<br>➢ কর্মরত/পিআরএল ভোগরত (ডাক, তার ও দুরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) কর্মচারীর আয়ের উপর নির্ভরশীল সদস্যদের মৃত্যু জনিত কারণে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বাবদ টাকা=১০,০০০/- (দশ হাজার) মাত্র প্রদান করা হয়।<br>➢ অনলাইনের মাধ্যমে আবেদন করতে হয় এবং আবেদনের সফটকপি ও হার্ডকপি প্রাপ্তির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে দাবী নিষ্পত্তি করা হয় । অনুমোদিত টাকা ইএফটির মাধ্যমে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। |
| ৫ | দাফন/অন্ত্যেষ্টি ক্রিয়ার অনুদান (অবসর প্রাপ্ত) | ➢ অবসরপ্রাপ্ত কর্মচারী মৃত্যুবরণ করলে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান বাবদ তাঁর পরিবারকে এককালীন টাকা=৩০,০০০/- (ত্রিশ হাজার) মাত্র প্রদান করা হয়।<br>➢ অবসরপ্রাপ্ত কর্মচারীদের আয়ের উপর নির্ভরশীল সদস্যদের মৃত্যুজনিত কারণে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বাবদ তাঁদের পরিবারকে এককালীন টাকা=১০,০০০/- (দশ হাজার) মাত্র প্রদান করা হয়।<br>➢ অনলাইনের মাধ্যমে আবেদন করতে হয় এবং আবেদনের সফটকপি ও হার্ডকপি প্রাপ্তির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে দাবী নিষ্পত্তি করা হয় । অনুমোদিত টাকা ইএফটির মাধ্যমে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। |

| ক্রঃ নং | বিষয় | সেবাসমূহের বিবরণ |
|---|---|---|
| ৬ | শিক্ষাবৃত্তি (চাকুরিরত ১৩-২০ গ্রেডে) | ➤ সরকারের অসামরিক খাতে কর্মরত (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বিজিবি ও বাংলাদেশ পুলিশ বিভাগে নিযুক্ত কর্মচারীগণ ব্যতীত) এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার ১৩-২০ গ্রেডের সরকারি কর্মচারীর অনধিক ২ (দুই) সন্তানের জন্য ৬ষ্ঠ শ্রেণি হতে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের প্রতি অর্থবছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।<br>➤ প্রতি অর্থবছরের জানুয়ারি মাসে অনলাইনে আবেদন চেয়ে বিজ্ঞপ্তি দেয়া হয় এবং জুন এর মধ্যে আবেদন নিষ্পত্তি করা হয়ে থাকে। অনুমোদিত টাকা ইএফটির মাধ্যমে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। |
| ৭ | শিক্ষাবৃত্তি (অক্ষম, অবসরপ্রাপ্ত/মৃত) | ➤ সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসরপ্রাপ্ত/মৃত কর্মচারীর সন্তানদের জন্য নবম শ্রেণি হতে তদুর্ধ্ব শ্রেণিতে অধ্যয়নরত অনধিক ২ (দুই) সন্তানের জন্য প্রতি অর্থবছরে একবার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।<br>➤ এ অনুদান অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মচারীর বয়স ৭৫ (পঁচাত্তর) বছর পর্যন্ত প্রদান করা হয়।<br>➤ প্রতি অর্থবছরের জানুয়ারি মাসে অনলাইনে আবেদন চেয়ে বিজ্ঞপ্তি দেয়া হয় এবং জুন এর মধ্যে আবেদন নিষ্পত্তি করা হয়ে থাকে। অনুমোদিত টাকা ইএফটির মাধ্যমে আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। |
| ৮ | স্টাফবাস সার্ভিস কর্মসূচি | ➤ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ে স্বল্প ভাড়ায় অফিসে আসা-যাওয়ার লক্ষ্যে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক স্টাফবাস সার্ভিস কর্মসূচি কার্যক্রম পরিচালিত হচ্ছে।<br>➤ www.bkkb.gov.bd এর স্টাফ বাসের নির্দিষ্ট লিংক এর মাধ্যমে আবেদন করে অনলাইন মোবাইল ব্যাংকিং নগদ অ্যাপ এর মাধ্যমে ভাড়া পরিশোধপূর্বক বাসের ই-টিকেট সংগ্রহ সাপেক্ষে স্বল্প খরচে বাসে যাতায়াত করার সুযোগ রয়েছে। ঢাকা মহানগরসহ চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর মহানগরী এবং রাঙ্গামাটি জেলায় এ সুবিধা বিদ্যমান রয়েছে। |
| ৯ | ক্লাব/ সমিতি/ কমিউনিটি সেন্টারের বার্ষিক অনুদান | ➤ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দ্বারা গঠিত ও পরিচালিত বিভিন্ন কল্যাণমূলক ক্লাব/সমিতি/ কমিউনিটি সেন্টারকে প্রতি অর্থবছরে একবার অনুদান প্রদান করা হয়।<br>➤ বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি (গঠনতন্ত্র, সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত নিবন্ধন সনদ, অডিট রিপোর্ট, কার্যকরী কমিটির তালিকা, লক্ষ্য ও উদ্দেশ্য) সহ নির্ধারিত সময়ে আবেদন দাখিল করতে হয় (আবেদন ফরম নং ১২)।<br>➤ প্রতি অর্থবছরের ৩০ জুন এর মধ্যে কমিটির সভার মাধ্যমে আবেদন নিষ্পত্তি করা হয়ে থাকে। অনুমোদিত টাকা ইএফটি/ একাউন্টপেয়ী চেকের মাধ্যমে প্রদান করা হয়। |
| ১০ | বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা | ➤ সিলেট বিভাগের সরকারি কর্মচারী ও তাঁদের সন্তানদের নিয়ে উপজেলা ও জেলা পর্যায়ে বাছাই হয়ে বিভাগীয় পর্যায়ে চূড়ান্ত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন করা হয়।<br>➤ APA অনুযায়ী প্রতি অর্থবছরের জানুয়ারি-মার্চ মাসের মধ্যে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকে। |
| ১১ | জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান | ➤ কর্মরত ও পিআরএল ভোগরত কর্মচারী শুধু নিজের জটিল ও ব্যয়বহুল চিকিৎসা ব্যয় বাবদ সমগ্র চাকুরি জীবনে এক বা একাধিকবারে সর্বোচ্চ টাকা=২,০০,০০০/- (দুই লক্ষ) মাত্র অনুদান প্রদান করা হয়। এ অনুদান শুধু বোর্ডের প্রধান কার্যালয়, ঢাকা হতে প্রদান করা হয়।<br>➤ ক্যান্সার, হৃদরোগ, কিডনি-ব্যাধি, হেপাটাইটিস, ডায়াবেটিকস-মেলিটাস, পক্ষাঘাত, বক্ষব্যাধি, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন সংক্রান্ত রোগ ও দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হওয়া এবং এ সংক্রান্ত মেডিকেল বোর্ড কর্তৃক জটিল ও ব্যয়বহুল রোগ বলে চিহ্নিত যে কোন রোগ এর অন্তর্ভুক্ত হবে। জটিল ও ব্যয়বহুল রোগে দেশে ও বিদেশে চিকিৎসা অনুদানের জন্য ফরম নং ৮ এ আবেদন করতে হয়।<br>➤ আবেদন প্রাপ্তির পর সফটওয়্যারে এন্ট্রি করে আবেদনকারীর মোবাইল ফোনে ক্ষুদেবার্তার মাধ্যমে আবেদনের ডিজিটাল ডায়রি নম্বর ও তারিখ জানানো হয়। আবেদনে কোন ত্রুটি থাকলে তা এসএমএস ও পত্রের মাধ্যমে জানিয়ে দেয়া হয়।<br>➤ প্রতি মাসে প্রাপ্ত স্বয়ংসম্পূর্ণ আবেদন পরবর্তি মাসে বাছাই কমিটি কর্তৃক অর্থ মঞ্জুরির সুপারিশ এবং ব্যবস্থাপনা কমিটির সভায় চূড়ান্ত মঞ্জুরি প্রদান করা হয়। আবেদনকারীর নামে মঞ্জুরিকৃত অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে প্রেরণ করা হয় এবং তাঁর মোবাইল ফোনে ক্ষুদেবার্তার মাধ্যমে মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ জানিয়ে দেয়া হয়। |
| ১২ | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | ➤ প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মচারীর স্বামী/স্ত্রী ও সন্তানদের ৩-৬ মাস মেয়াদে বিভিন্ন কোর্সে ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরম পূরণ ও নির্ধারিত কোর্স ফি প্রদান সাপেক্ষে ভর্তি করা হয়। প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হয়।<br>➤ কোর্সসমূহ নিম্নরূপ: ■ বেসিক কম্পিউটার ও গ্রাফিক্স ডিজাইন ■ সেক্রেটারিয়েল সায়েন্স (বাংলা ও ইংরেজি) ■ কাটিং ও সেলাই ■ ব্লক বাটিক ■ কনফেকশনারি ■ বিউটিফিকেশন ■ ফ্যাশন ডিজাইন ■ এমব্রয়ডারি ও ক্যাটারিং ■ স্পোকেন ইংলিশ ও ফ্রিল্যান্সিং<br>➤ ঢাকা মহানগরসহ চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল মহানগরীতে এ সুবিধা বিদ্যমান রয়েছে। |

❖ কর্মচারী বলতে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত ০১-২০ গ্রেডের সকল কর্মচারীকে বুঝাবে।

❖ পরিবার অর্থ: (ক) কর্মচারী পুরুষ হলে, তাঁর স্ত্রী বা স্ত্রীগণ এবং কর্মচারী মহিলা হলে, তাঁর স্বামী; (খ) কর্মচারীর সাথে একত্রে বসবাসরত এবং তাঁর আয়ের উপর সম্পূর্ণ নির্ভরশীল সন্তান-সন্ততিগণ, পিতা, মাতা, দত্তক পুত্র (হিন্দু কর্মচারীর ক্ষেত্রে), নাবালক ভাই এবং অবিবাহিতা, তালাকপ্রাপ্তা বা বিধবা বোন।

❖ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkkb.gov.bd এর নির্দিষ্ট লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন দাখিল, ফরম ও নিয়মাবলী সংগ্রহ করা যাবে।

❖ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য হটলাইন (কল্যাণ লাইন) নম্বর: ১৬১০৯